"শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ"

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং ৫৭.১৭.০০০০.১০২.১১.০০০.১৭.৩৩৮ তারিখঃ ১৩ আগস্ট ২০১৭ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

নিম্নবর্ণিত পদসমূহে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | সিনিয়র সিস্টেম এনালিস্ট ৫০০০০-৭১২০০/- (২০১৫) | ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে বয়স ২৮ থেকে ৪০ বৎসর | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা বি,এস,সি-ইন-ইঞ্জিনিয়ারিং অথবা কম্পিউটার সায়েন্স এ স্নাতকোত্তর ডিগ্রি (খ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সদস্য হতে হবে; (গ) সিস্টেম এনালিস্ট হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা, তবে কম্পিউটর সায়েন্স এ স্নাতকোত্তর ডিগ্রি/ ইঞ্জিনিয়ারিং এর ক্ষেত্রে সংশ্লিষ্ট পদে ২ (দুই) বছরের অভিজ্ঞতা। |
| ২ | সিস্টেম এনালিস্ট ৪৩০০০-৬৯৮৫০/- (২০১৫) | ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৪০ বৎসর | ১টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা,পদার্থ বিদ্যা,গণিত পরিসংখ্যান,বাণিজ্য,অর্থনীতি,সমাজবিজ্ঞান,ব্যবসায় প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি; (খ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। (গ) প্রোগ্রামার বা সহকারী সিস্টেম এনালিস্ট হিসেবে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের কাজের অভিজ্ঞতা তবে কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রীধারীদের ক্ষেত্রে ২ বৎসর। (ঘ) সিস্টেম এনালিস্ট এর কাজে দক্ষতা। |
| ৩ | প্রোগ্রামার ৩৫৫০০-৬৭০১০/- (২০১৫) | ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৩৫ বৎসর | ২টি | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা,পদার্থবিদ্যা,গণিত পরিসংখ্যান,বাণিজ্য,অর্থনীতি,সমাজবিজ্ঞান,ব্যবসায় প্রশাসন-এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং) ডিগ্রি; (খ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে; (গ) সহকারী প্রোগ্রামার পদে অন্যূন ৪ (চার) বৎসরের চাকুরির অভিজ্ঞতা, তবে কম্পিউটার সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রির ক্ষেত্রে ২ বৎসরের চাকুরির অভিজ্ঞতা। |
| ৪ | সহকারি প্রোগ্রামার ২২০০০-৫৩০৬০/- (২০১৫) | ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখে বয়স সর্বোচ্চ ৩০ বৎসর | ৪টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ফলিত পদার্থবিদ্যা,পদার্থবিদ্যা,গণিত পরিসংখ্যান,বাণিজ্য,অর্থনীতি,সমাজবিজ্ঞান,ব্যবসায় প্রশাসন-এ স্নাতকোত্তর ডিগ্রী অথবা বিএসসি (ইঞ্জিনিয়ারিং); (খ) প্রোগ্রামিং এর জন্য স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড পরীক্ষায় অবশ্যই উত্তীর্ণ হইতে হইবে। (গ) অনুমোদিত কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হইতে হইবে। |

### আবেদনের শর্তাবলী

১। *আগ্রহী প্রার্থীগণকে (A4) সাইজের কাগজে নিম্নের 'চাকরির আবেদন ফরম' পূরণ করে "সচিব" বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড,* আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ ঠিকানাযুক্ত খামে (খামের উপর পদের নাম, নিজ জেলা ও বিশেষ কোটা যদি থাকে উল্লেখসহ) ১৪ সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে সরাসরি (অফিস চলাকালীন সময়ে) অথবা ডাক যোগে প্রেরণ করতে হবে। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

২। প্রার্থীদের বয়স প্রমাণে এসএসসি/সমমানের সনদ বিবেচনা করা হবে। মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা সরকারি বিধি মোতাবেক বিবেচনা করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিড গ্রহণযোগ্য হবে না।

৩। প্রার্থীদেরকে "সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা-১২০৭" এর অনুকূলে সোনালী ব্যাংক আগারগাঁও শাখা, ঢাকা হতে উত্তোলনযোগ্য ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট (অফেরত যোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৪। বিভাগীয় (বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের রাজস্ব খাতে নিযুক্ত) কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিলের ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে, এ ব্যাপারে কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

৫। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউ পি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে এবং মুক্তিযোদ্ধার সনদ প্রমাণের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। সরকারি বিধি মোতাবেক কোটা অনুসরণ করা হবে। প্রাথমিক বাছাইয়ের পর উপযুক্ত বিবেচিত প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষা নেয়া হবে। প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে; পরীক্ষার তারিখ, সময় ও নিয়মাবলী পরবর্তীতে জানানো হবে।

৭। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে আবেদনকারির পরীক্ষা গ্রহণে বোর্ড কর্তৃপক্ষ বাধ্য থাকবে না। উল্লেখিত পদের সংখ্যা কম বা বেশি হতে পারে।

৮। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত) ছবি এবং ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক/নিজ নিজ এলাকার ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র/সিটি কর্পোরেশন এর কাউন্সিলর কর্তৃক চারিত্রিক ও নাগরিকত্বের সনদপত্রসহ জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৯। আবেদনপত্রে উল্লেখিত যে কোন তথ্য নিয়োগ প্রদানের আগে ভুল বা অসত্য প্রমাণ হলে আবেদনপত্র বাতিল হবে; নিয়োগের পরে ঐরূপ কোন ত্রুটি পাওয়া গেলে অথবা দাখিলকৃত কোন সার্টিফিকেট বা দলিল ভূয়া প্রমাণ হলে অথবা কোন বিষয়ে জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১০। প্রার্থীর স্থায়ী ঠিকানা লিখিত ১০$\frac{১}{২}''$ × ৪$\frac{১}{২}''$ সাইজের একটি ফেরত খাম (দশ টাকার অব্যবহৃত ডাক টিকেট সংযুক্ত) আবেদনপত্রের সাথে দিতে হবে।

১১। এ নিয়োগ বিজ্ঞপ্তি এবং নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের (**WWW.bteb.gov.bd**) ওয়েব সাইটে পাওয়া যাবে।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩/৮/১৭

(মোঃ নূর-এ-ইলাহী)
উপ-সচিব (প্রশাসন)
ও
সচিব (অতি: দা:)

| পাসপোর্ট সাইজের<br>২ কপি সত্যায়িত<br>রঙিণ ছবি |
|---|

# চাকরির আবেদন ফরম

বরাবর,

সচিব
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | পদের নাম ঃ | | | | |
| ২ | বিজ্ঞপ্তির নং ঃ | | | তারিখ ঃ | |
| ৩ | প্রার্থীর নাম ঃ | বাংলায় ঃ | | | |
| | | ইংরেজি (বড় অক্ষরে) ঃ | | | |
| ৪ | মাতার নাম ঃ | | | | |
| ৫ | পিতার নাম ঃ | | | | |
| ৬ | জাতীয় পরিচয়পত্র নম্বর ঃ | | | | |
| ৭ | জন্ম তারিখ ঃ | | | | |
| ৮ | জন্মস্থান (জেলা) ঃ | | | | |
| ৯ | বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে প্রার্থীর বয়স ঃ | বছর | মাস | দিন | |
| ১০ | ঠিকানা ঃ | বর্তমান ঃ | স্থায়ী ঃ | | |
| | বাসা ও সড়ক (নাম/নম্বর) ঃ | | | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা ঃ | | | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড ঃ | | | | |
| | ডাকঘর ঃ | | | | |
| | পোষ্টকোড নম্বর ঃ | | | | |
| | উপজেলা ঃ | | | | |
| | জেলা ঃ | | | | |
| ১১ | যোগাযোগ ঃ | মোবাইল ফোন নং ঃ | ই-মেইল (যদি থাকে) ঃ | | |
| ১২ | জাতীয়তা ঃ | | | | |
| ১৩ | ধর্ম ঃ | | | | |
| ১৪ | লিঙ্গ ঃ | | | | |
| ১৫ | বৈবাহিক অবস্থা ঃ | | | | |
| ১৬ | শিক্ষাগত যোগ্যতার বিবরণ ঃ | | | | |

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | বোর্ড/বিশ্ববিদ্যালয় | পাসের সন | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) ঃ | | | |
| ১৮ | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ | | | |
| ১৯ | কোটার ক্ষেত্রে (টিক দিতে হবে)ঃ | মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র কন্যার পুত্র-কন্যা | এতিম/শারীরিক প্রতিবন্ধী | ক্ষুদ্র-নৃ গোষ্ঠী |
| | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন): | |
| ২০ | ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নং ঃ | | তারিখ ঃ | |
| | ব্যাংকের নাম ঃ | শাখাঃ | | |
| ২১ | বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন)ঃ | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উপরোল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ: প্রার্থীর স্বাক্ষর